

# নটর ডেম কলেজের ৭৫ বছর পূর্তি উৎসবের সূচনা অনুষ্ঠান

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২২:১৩, ২৬ জুলাই ২০২৩



বিশেষভাবে নির্মিত ফুলেল ফ্রেমে ছবি আর সেলফিতে মেতেছে শিক্ষার্থীরা।

সবুজে মোড়ানো মেধাবী শিক্ষার্থীদের ক্যাম্পাস নটর ডেম। সবুজ ঘাসের গালিচা বিছানো মাঠের চারকোণে রঙ্গীন পতাকা। শিক্ষার্থীদের আনন্দ আর খুনসুটিতে সেখানে যে আনন্দের উপলক্ষ্য চলছে তা বোঝার অপেক্ষা রাখেনা। বিশেষভাবে নির্মিত ফুলেল ফ্রেমে ছবি আর সেলফিতে মেতেছে শিক্ষার্থীরা।

বুধবার (২৬ জুলাই) ঐতিহ্যবাহী নটর ডেম কলেজের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে লাল-হলুদ রঙ্গীন কাপড়ে সেজেছে মতিঝিলের বিদ্যাপীঠটি। ৩ দিন ব্যাপী উদযাপনের প্রস্তুতি হিসেবে সূচনা-অনুষ্ঠান, উৎসবের লোগো ও উদ্বোধন করা হয়েছে।

বর্ণাঢ্য এই আয়োজনের প্রতিপাদ্য হল প্রদীপ্ত প্রত্যয়ে প্রজ্বলিত ৭৫। এই উপলক্ষ্যে অনুষ্ঠানের শুরুতেই ছিল মূল্যবোধের ক্লাস, যার বিষয় ছিল ‘নটর ডেম কলেজের ৭৫ বছরের ঐতিহ্যের ধারাবাহিকতায় বর্তমান ছাত্রদের কাছে প্রত্যাশা’। ক্লাস শেষে খাদ্য ও উপহার প্রদান করা হয়। এর পরে ছাত্ররা সারিবদ্ধ হয়ে সমবেত হয় বাল্কেটবল প্রাঙ্গণে, সেখানে সূচনা-অনুষ্ঠানে বক্তব্য রাখেন আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ, ও এম আই ও কলেজের অধ্যক্ষ ড. ফাদার হেমন্ত পিউস রোজারিও, সি এস সি।

বক্তৃতা শেষে উদ্বোধন করা হয় এই উৎসবের লোগো ও থিম সং। পরে অধ্যক্ষ ড. ফাদার হেমন্ত পিউস রোজারিও, সি এস সি সংবাদ সম্মেলনে অংশ নেন। এ বছর ও আগামী বছর দেশের বিভাগীয় পর্যায়ে নটর ডেম কলেজ উৎসব পালন করা হবে বলে জানান তিনি। একইসঙ্গে উৎসবের অংশ হিসেবে শিক্ষা ও বিজ্ঞান বিষয়ক সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রতিযোগিতার আয়োজন করা হবে। ১৯৪৯ সালের ৩রা নভেম্বর নটর ডেম কলেজ, ঢাকা তার যাত্রা শুরু করেছিল। কলেজের প্রতিষ্ঠাদিবস উপলক্ষ্যে নিজ প্রাঙ্গণে কলেজের ক্লাবসমূহ পালন করবে ক্লাব-উৎসব।

সূচনা-অনুষ্ঠানে মঞ্চে পরিবেশিত হয় শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। সব শেষে ছিল বর্ণাঢ্য র্যালি, যেখানে অংশ নিয়েছেন শিক্ষক, আগত অতিথি, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীবৃন্দ। কলেজের বর্তমান ও প্রাক্তন নটরডেমিয়ানদের রেজিস্ট্রেশন শুরু হবে আগামী ১ অগাস্ট থেকে, যা চলবে ১৬ ডিসেম্বর পর্যন্ত।

